

# প্রাথমিকের শিক্ষকদের বেতন স্কেল ১০ম গ্রেড করা উচিত: সারজিস

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২৮ ডিসেম্বর ২০২৪, ২১:১৪



সারজিস আলম

জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক সারজিস আলম বলেছেন, বর্তমান সময়ে আর্থ সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় শিক্ষা ব্যবস্থাকে স্ট্রং করতে ও শিক্ষার মান বাড়াতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন স্কেল ১৩ গ্রেড থেকে ১০ম গ্রেডে আনা উচিত।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

শনিবার (২৮ ডিসেম্বর) দুপুরে শিশুস্বর্গ ফাউন্ডেশনের উদ্যোগে ও এভারেস্ট ফার্মাসিটিউক্যালসের এর সহযোগিতায় পঞ্চগড়ের তেঁতুলিয়ার মাথাফাটা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে উপজেলার ১২শ শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ ও শীতবস্ত্র হিসেবে হুডি উপহার দিতে গিয়ে এ কথা বলেন তিনি।

তিনি বলেন, বর্তমানের আর্থ সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় শিক্ষা ব্যবস্থাকে স্ট্রং করতে চাই। বর্তমানে বাংলাদেশের মূল্য স্থিতির অবস্থা, একজন সন্তানকে পড়াশোনা করার যে খরচ। সেখানে সরকারি প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের যে গ্রেড তা ১০ম গ্রেডে আনা উচিত। কারণ আমরা যদি শিক্ষকদের সেই সাপোর্ট বা সম্মানটা না দেই খুব স্বাভাবিকভাবে শিক্ষার্থীদের পড়াশোনার প্রতি আগ্রহ বা দায়বদ্ধতা, সেটা তারা সেভাবে খুঁজে পাবে না। এবং তাদেরকে জীবিকা নির্বাহের জন্য অন্যদিকে মনোযোগ দিতে হবে। তো দুইদিনকে মনোযোগ দিয়ে খুব স্বাভাবিক ভাবে আমাদের শিক্ষার্থীদের যে কাজিত অগ্রগতি সেটা আমরা দেখতে পাবো না। আমরা যেমন শিক্ষার্থীদের নিয়ে কাজ করবো, তেমনা আমাদের অবকাঠামোর দিকে লক্ষ রাখতে হবে। আমাদের সম্মানিত শিক্ষক যারা রয়েছে তাদের দিকেও লক্ষ রাখতে হবে।

সারজিস বলেন, তেঁতুলিয়ার শিশুস্বর্গ ফাউন্ডেশন শিশুদের নিয়ে কাজ শুরু করেছে। আমরা চাই তারা আরো বড় পরিসরে কাজ করুক। এখানে এক হাজারের মতো শিশু শিক্ষার্থী আছে। তারা আগামী ২০ বছরে বাংলাদেশের গুরুত্বপূর্ণ এক হাজার সেক্টরে কাজ করবে। তারা যতটা ভালো করবে, তেঁতুলিয়া পঞ্চগড় ততটা ভালো করবে। তথা বাংলাদেশ ততটা ভালো করবে বলেও জানান সারজিস।

এ সময় অনুষ্ঠানে অংশগ্রহণ করেন রংপুর বিভাগীয় স্থানীয় সরকারের যুগ্মসচিব ও পরিচালক আবু জাফর। তিনি শিক্ষক-শিশু শিক্ষার্থী ও স্থানীয়দের উদ্দেশ্যে শিক্ষা ব্যবস্থার অতীত ও বর্তমান নিয়ে বলেন, একটা দেশের বড় সম্পদ মানুষ বা হিউম্যান রিসোর্স। এই দেশের মানুষকে যদি দেখভাল ও নার্সিং করি তবে দেশকে পরিবর্তন করা সম্ভব।

অনুষ্ঠানে আজিজনগর ব্রাইড স্টার পাঠাগারের সভাপতি তাজ উদ্দীন আহম্মেদের সভাপতিত্বে ও আকরাম হোসেন জাকারিয়ার সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, পঞ্চগড়ের অতিরিক্ত পুলিশ সুপার এস এম শফিকুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা ফজলে রাকী, এভারেস্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেডের

ম্যানেজিং ডিরেক্টর জাকির হোসেন, ডিরেক্টর মোহাম্মদ মঞ্জু মোল্লা, শিশুস্বর্গ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা কবীর আহমেদ আকন্দ, তেঁতুলিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এনায়েত কবীর, উপজেলা বিএনপির আহ্বায়ক শাহাদাত হোসেন রঞ্জু, সদস্য সচিব রেজাউল করিম শাহিন দলের নেতাকর্মী ও শিক্ষক-শিক্ষার্থীরা।